গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
পরিকল্পনা-৪ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

নম্বর: ৩৭.০০.০০০০.১২৫.১৪.০০৮.১৯.৫৩

তারিখ: ৬ চৈত্র ১৪৩০
২০ মার্চ ২০২৪

প্রাপক:
চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা।

বিষয়: **"পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উন্নয়ন" শীর্ষক প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে ৩য় মেয়াদ ০৬ (ছয়) মাস অর্থাৎ জুন ২০২৪ মেয়াদ বৃদ্ধি সংক্রান্ত।**

সূত্র: পরিকল্পনা কমিশনের পত্র নং-২০.০২.০০০০০.০১৬.১৪.০৫৪.১৮-৮৫০, তারিখ: ০৫/০৩/২০২৪ খ্রি.

আমি, নিম্নস্বাক্ষরকারী, নির্দেশক্রমে ০১ জুলাই ২০১৮ থেকে ৩১ ডিসেম্বর ২০২৩ মেয়াদে ৪৮০৬০.০০ লক্ষ (চারশত আশি কোটি ষাট লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয়ে বাস্তবায়নাধীন "পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উন্নয়ন" শীর্ষক প্রকল্পটির মেয়াদ নিম্নলিখিত শর্তপালন সাপেক্ষে মোট ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে শেষবারের মতো ০৬ (ছয়) মাস অর্থাৎ ০১ জুলাই ২০১৮ থেকে ৩০ জুন ২০২৪ পর্যন্ত বৃদ্ধির প্রশাসনিক অনুমোদন জ্ঞাপন করছি:

**শর্তাবলী:**

(ক) প্রস্তাবিত বর্ধিত মেয়াদ জুন, ২০২৪ এর মধ্যে প্রকল্পের কার্যক্রম সমাপ্তির লক্ষ্যে প্রকল্প পরিচালক সময়াবদ্ধ কর্মপরিকল্পনা গ্রহণ করবেন এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয় কর্তৃক প্রকল্পের অনুকূলে পর্যাপ্ত অর্থ বরাদ্দ নিশ্চিতকরণসহ কর্মপরিকল্পনা অনুযায়ি নির্মাণ কাজের কাঙ্খিত গতি নিয়মিত তদারকি করতে হবে;

(খ) প্রতিটি প্যাকেজের কাজ ফিনিসিং পর্যায়ে রয়েছে বিধায় প্রকল্প পরিচালক কর্তৃক ডিপিপি অনুযায়ি স্যানিটারি, বৈদ্যুতিক তার ও অন্যান্য সামগ্রী, টাইলস ইত্যাদির গুণগতমান যাচাই করতে হবে এবং এক্ষেত্রে কোন গাফিলতি পরিলক্ষিত হলে ঠিকাদার প্রতিষ্ঠানের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে। নির্মাণ সামগ্রীর মূল্যবৃদ্ধির কারণে ঠিকাদার কর্তৃক কাজের গুণগতমান যাতে ক্ষুন্ন না হয় সে বিষয়ে সার্বক্ষণিক সতর্ক থাকতে হবে;

(গ) প্রস্তাবিত বর্ধিত মেয়াদে প্রকল্পের সকল প্যাকেজের কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার নিমিত্ত প্রকল্প কর্তৃপক্ষ কার্যকর উদ্যোগ গ্রহণ করবেন। পরবর্তীতে এ প্রকল্পের আর মেয়াদ বৃদ্ধি করা সমীচীন হবে না;

(ঘ) ডিপিপি'তে উল্লেখিত স্পেসিফিকেশন অনুযায়ী আসবাবপত্র, বৈজ্ঞানিক ও ল্যাবরেটরি যন্ত্রপাতি, বই ও জার্নাল

অতিদ্রুত সরবরাহ করতে হবে এবং সনাক্তকরণের লক্ষ্যে অমোচনীয় কালি দিয়ে প্রকল্পের নামকরণ করতে হবে। প্রকল্পে বিভিন্ন বিভাগের জন্য যে বই ও জার্নাল কেনা হবে সেগুলো মানসম্মত হতে হবে। নিম্নমানের কাগজে অস্পষ্ট ছাপা- এরূপ বই না কেনার পরামর্শ দেয়া হলো; এবং

(ঙ) প্রকল্পটি সমাপ্ত ঘোষণার পর যথাসময়ে (প্রকল্প সমাপ্তির ০৩ মাসের মধ্যে) প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) যথাযথ কর্তৃপক্ষের নিকট দাখিল করে আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগে অনুলিপি প্রেরণ করতে হবে;

...



২০-৩-২০২৪


নুসরাত জাহান
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৭৬৬৭৯

নম্বর: ৩৭.০০.০০০০.১২৫.১৪.০০৮.১৯.৫৩/১(১৩)

তারিখ: ৬ চৈত্র ১৪৩০
২০ মার্চ ২০২৪

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল:

১) সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
২) সদস্য, আর্থ সামাজিক অবকাঠামো বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
৩) সদস্য, কার্যক্রম বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
৪) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
৫) উপাচার্য, পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যাল, পাবনা।
৬) উপাচার্য, পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পাবনা।
৭) অতিরিক্ত সচিব, বিশ্ববিদ্যালয় অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
৮) অতিরিক্ত সচিব , উন্নয়ন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
৯) অতিরিক্ত সচিব, পরিকল্পনা অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
১০) প্রকল্প পরিচালক, পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উন্নয়ন প্রকল্প, পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পাবনা।
১১) পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
১২) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
১৩) সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



২০-৩-২০২৪

নুসরাত জাহান
সিনিয়র সহকারী সচিব